

# কেনবা ফিরিব আমি

আহমেদ সাবের

কেনবা ফিরিব আমি, কার কাছে?

যে বৃক্ষে কাঁদিত পেঁচা, মায়াময় রাত্রির গভীরে,  
সাথী ছিল আধ খাওয়া হেমন্তের চাঁদ  
এবং আকাশ প্রান্তে জ্বলজ্বলে তারার লাঙ্গল।  
এখন বৃক্ষটি কই? হয়তো এখনো সে চাঁদ আছে, আছে সপ্তর্ষীরা,  
কিন্তু সেই পেঁচা কই? মিলিয়েছে কর্পূর যেমন,  
শোকে, দুঃখে হারিয়ে সে বৃক্ষের আশ্রয়, বৃক্ষহীন রক্ষ জনপদে।

কেনবা ফিরিব আমি, কার কাছে?

এখন নদীর বুকে পাল তোলা নৌকারা ভাসেনা,  
কাঁপেনা নদীর কুল মাঝিদের ভাটিয়ালী সুরে  
অথবা কঙ্কনকণ্ঠী বেদেনীর বঙ্গাহীন বিলোল কল্লোলে।  
নদীরা হয়েছে মৃত, কিংবা মৃতপ্রায়, মানুষের কঠিন বন্ধনে।  
জোনাকীর দ্বীপ জ্বালা সন্ধ্যার প্রহর, হয়েছে অতীত আজ,  
বিগত হয়েছে আজ কাঁশ বনে ফড়িংএর মেলা।

কেনবা ফিরিব আমি, কার কাছে?

আলতা রাঙানো পায়ে যে মেয়েটি বাজাতো ঘুঙুর,  
যে ছিল মাটির বুকে ফিঙে পাখী যেন।  
তাকে তো পাব না খুঁজে সেই জনপদে,  
সেওতো ছেড়েছে ঘর, চলে গেছে দূর জনপদে, দেশান্তরী হয়ে,  
নির্বিঘ্নে পেছনে ফেলে সকল অতীত।

কেনবা ফিরিব আমি, কার কাছে?

বর্তমান নিয়ে শুধু ভালবাসা হয়;  
কে কবে রেখেছে বুকে প্রানহীন মৃতের শরীর?